

লিপিলেখা বাংলা পাঠশালা

স্থাপিতঃ ১৯৯৬



খেলার ছলে বাংলা শেখা

গল্প, ছড়া, শব্দ লেখা

গান নাচ আর সিনেমা দেখা

সঙ্গে থাকবে লিপিলেখা

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষসূচনাঃ ১০২ সেপ্টেম্বর (মুখোমুখি এবং অনলাইন)

শিশুভোলানাথ (বয়স ৩-৭ বছর)

শব্দপরিচিতি, ফল, ফুল, রঙ, সবজি, দেহাংশ, সংখ্যা, বাংলা ছড়া, প্রথমিক অক্ষর পরিচিতি

আবোল-তাবোল (৪-৮ বছর) (প্রাথমিক)

বাংলা অক্ষর আবার ফিরে দেখা। মাত্রা দিয়ে শব্দ গঠন। বাংলার নানা উৎসব ও নানা বিখাত কবি ও লেখক এর সাথে পরিচিতি

আবোল -তাবোল (অগ্রিম)

সহজ বাক্য গঠন। য-ফলা ও রেফ দিয়ে শব্দ গঠন। ছোটদের সাহিত্য ও কবিতা

ছাড়পত্র (৮-১২ বছর)

যুক্তক্ষর পরিচিতি, বাংলা শেখা, শিশু সাহিত্য এবং পৌরাণিক কাহিনীচর্চা

থাপছড়া (১০-১৪ বছর)

বাংলায় বিতর্ক, কুইজ, আলোচনা। চলচ্চিত্র এবং সাহিত্য পর্যালোচনা

বাংলা এবং ভারতের সংস্কৃতির পরিচয়

কথপকথন

প্রাপ্ত-বয়স্কদের বাংলা শেখার ক্লাস।

নাম নোথিভুক্ত করতে আজই যোগাযোগ করুন
পারমিতা বাগচী, অধ্যক্ষ ৯১৪-৪১৭-১৬১১

এটি লিপিলেখা বাংলা এসোসিয়েশন এর উদ্যোগ।
শ্রাব ওক, ওয়েসচেস্টার কাউন্টি,
নিউইয়র্ক

পারমিতা বাগচি (অধ্যক্ষ)

আমাদের লিপিলেখার এই বাংলা পাঠশালা আমাদের অত্যন্ত আন্তরিক ও প্রিয়, আর এখান থেকেই আমাদের নতুন প্রজন্মের, প্রথম পরিচয় ঘটে আমাদের বাংলা ভাষার সাথে।

বেশ কিছু বছর আগে, কিছু বাঙালির প্রচেষ্টায় গড়ে ওঠা এই স্কুল, আজ অনেকটাই বড় হয়েছে।

বাংলা অক্ষর, রঙ, ফল-ফুল, ছড়া, বাংলা-সাহিত্য ও সাহিত্যিকদের ছাড়াও, আমাদের ছাত্র-ছাত্রীদের, এই পাঠশালাতেই প্রথম পরিচিতি ঘটে বাংলার সংস্কৃতির সঙ্গে।

গত দু-বছরের ভয়ঙ্কর Covid-19ও আমাদের উৎসাহ কে দমন করতে পারিনি। দূরে সরিয়ে নিয়ে যেতে পারেনি আমাদের ছাত্র-ছাত্রীদের। এই মর্মান্তিক মহামারির মধ্যেও আমাদের বাংলা ক্লাস, ছোটদের বাংলা নাটক, গান, আবৃত্তি - সবকিছুকেই বজায় রাখার চেষ্টা করেছি আমরা "zoom" এর মাধ্যমে।

এই "zoom"এ বাংলা শেখা জনপ্রিয় হয়ে ওঠার জন্য, আজ বাংলা পাঠশালা আর Westchester, NYএ শুধু সীমাবদ্ধ নেই। আসে-পাশের বেশ কিছু রাজ্য থেকে যোগ দিয়েছে, বেশ কিছু ছাত্র-ছাত্রী। আমাদের এই পাশ্চাত্য দেশের বিষণ ব্যস্ত জীবনে, একটি ছোট্ট কেন্দ্রবিন্দু হল আমাদের এই পাঠশালা। একটা যোগসূত্র যা আমাদের সকলকে বেঁধে রেখেছে এক অবিচ্ছিন্ন বন্ধনে। এ যেন হৃদয় আর নাড়ীর টান, আমাদের ফেলে আসা মাতৃভূমি ও মাতৃ-ভাষার সঙ্গে।

আমাদের ছেলেবেলার, কৈশোর, যৌবনের অভিজ্ঞতা ও অনুভূতি, কিছুটা, আমাদের নতুন প্রজন্মের সাথে ভাগ করে নেবার জেয়গা, আমাদের এই বাংলা স্কুল।

তাই, চার-দেয়ালে দীর্ঘ-দিন বন্দী থাকবার পর, যখন ধীরে-ধীরে স্বাভাবিক জীবনে ফিরে যাবার চেষ্টা করছি আমরা, ঠিক তেমন করেই

চেপ্টা করে চলেছি, আবার আমাদের স্কুলের মুখো-মুখি ক্লাসগুলকে ফিরিয়ে আনার।

যে যোগাযোগ, যে নিবীড় বন্ধুত্ব, হয়ত কিছুটা শিথিল হয়ে পড়েছিল, তা যেন আবার করে প্রাণবন্ত হয়ে উঠছে, সময় পরিবর্তনের সাথে-সাথে। আশা ও উদ্দিপনার সাথে তাই সকলে আমরা যোগ দিয়েছি আমাদের এই পাঠশালায়, এই নতুন বছরে, আরও কিছু নতুন শেখার তাগীদে। গত দু-বছরে আমাদের প্রবাসী বাঙালি ও বিদেশী, প্রাপ্ত-বয়স্ক ছাত্র-ছাত্রীদের জন্য নতুন একটি ক্লাসের সূচনাও করেছি আমরা। আমাদের প্রথম স্পকেন বাংলা ক্লাস, "কথপকথন"।

এই বিশাল-অভূতপূর্ণ পাশ্চাত্য সংস্কৃতির মাঝে, রবীন্দ্রনাথ, জিবানন্দ, বিভূতিভূষণ, উপেন্দ্র-কিশোর, সুকুমার-রায়, সত্যজিত-রায়, বিবেকানন্দ, গান্ধীকে বাঁচিয়ে রাখার, এ আমাদের এক সক্রিয় প্রচেষ্টা।